বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ

পরিচালক, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, চট্টগ্রাম।

এবং

চেয়ারম্যান ,বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ – ৩০ জুন, ২০১৯

সূচিপত্র

প্রস্তাবনা/উপক্রমণিকা	৩
বিসিএসআইআর-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৪
সেকশন-১: বিসিএসআইআর-এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন-২: বিসিএসআইআর- এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	৬
সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্যকর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা ,কার্যক্রম ,অগ্রাধিকার ,সমূহ	৭
সংযোজনী-১: শব্দসংক্ষেপ	১২
সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহবিভাগ এবং পরিমাপ পদ্ধতি/বাস্তবায়নকারী দপ্তর ,	১৩
সংযোজনী- ৩ :অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদা	১৬

প্রস্তাবনা / উপক্রমনিকা

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার, চট্টগ্রাম-এর পক্ষে পরিচালক (ভারপ্রাপ্ত)
এবং

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর পক্ষে চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ-এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১১ তারিখ এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

বিসিএসআইআর-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of BCSIR)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

বিসিএসআইআর গবেষণাগার চট্টগ্রাম এর গবেষণা ও উন্নয়ন (আরএন্ডডি) কার্যক্রমের প্রধান উদ্দেশ্য প্রযুক্তি উদ্ভাবন ও উন্নয়নের মাধ্যমে দেশের শিল্পায়নে সহায়তা করা। বিগত ০৩ (তিন) বছরে বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম ২৫টি আরএন্ডডি প্রকল্প বাস্তবায়ন, ২০ জন শিক্ষার্থীর গবেষণাকর্ম তত্ত্বাবধান এবং ৩০ টি গবেষণা প্রবন্ধ প্রকাশ করা হয়েছে। এ সময়ে অত্র প্রতিষ্ঠান বিভিন্ন শিল্পদ্যোক্তা/শিল্প প্রতিষ্ঠান, আমদানি-রপ্তানিকারক প্রতিষ্ঠান, সরকারী-বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তি পর্যায়ে ২৩০০ টি পণ্য নমুনা বিশ্লেষণ, ০১টি উদ্ভাবিত প্রসেস বিসিএসআইআর কর্তৃক গৃহীত হয়েছে এবং ০৪ টি প্রযুক্তি শিল্পোদ্যোক্তাদের মধ্যে হস্তান্তর করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

দেশজ কাঁচামাল ভিত্তিক লাগসই শিল্প প্রযুক্তির উদ্ভাবন এবং উদ্ভাবিত প্রযুক্তিসমূহ শিল্পদ্যোক্তাদের মাধ্যমে সফলভাবে বানিজ্যিকিকরণ। গৃহীত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সফলভাবে বাস্তবায়ন। চট্টগ্রাম গবেষণাগারের অত্যাধুনিক যন্ত্রপাতি সমূহের রক্ষণাবেক্ষণ এবং সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ এবং আর্ন্তজাতিক মানে উন্নীতকরণ।দক্ষ জনবল সৃষ্টি।

ভবিষ্যৎ পরিকল্পনা

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক বার্ষিক উন্নয়ন প্রকল্প ও আরএন্ডডি প্রকল্পসমূহ বাস্তবায়ন , আর্ন্তজাতিক মানসম্পন্ন প্রযুক্তির উদ্ভাবন, উন্নয়ন এবং আর্ন্তজাতিকমানের পণ্য বিশ্লেষণ সেবা প্রদান, শিল্পখাতের কারিগরি ও প্রযুক্তিগত সমস্যা চিহ্নিত করে তা সমাধানের জন্য সমন্বিত উদ্যোগ গ্রহণ।

২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- গবেষণা ও উন্নয়ন (আরএন্ডডি) প্রকল্প বাস্তবায়ন- ১২টি,
- বৈজ্ঞানিক প্রবন্ধ প্রকাশ- ২০টি,
- প্রসেস ও প্যাটেন্ট - ০১টি,
- ইজারা প্রদান- ০২ টি,
- বিশ্লেষণ সেবা প্রদান- ৭৫০টি।

সেকশন-১:

বিসিএসআইআর-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ(Stratigic objectives) এবং কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প (Vision): বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণায় সেন্টার অফ এক্সেলেন্স

১.২ অভিলক্ষ্য (Mission): আন্তর্জাতিকমানের গবেষণাগার স্থাপন, দক্ষ জনবল সৃষ্টি, প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তরের মাধ্যমে দেশের শিল্পায়ন ও উন্নয়নে সহায়তা প্রদান।

১.৩ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)

১.৩.১ বিসিএসআইআর-এর কৌশলগত উদ্দেশ্যেসমূহ

১. বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক গবেষণায় সহায়তা বৃদ্ধিকরণ
২. বিজ্ঞান ও প্রযুক্তি জনপ্রিয়করণ;
৩. আর্থ-সামাজিক উন্নয়নের জন্য পরিবেশবান্ধব ও টেকসই প্রযুক্তি উদ্ভাবন;
৪. বিজ্ঞান ও প্রযুক্তি প্রসারে অবকাঠামো উন্নয়ন

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions):

১. বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তির নব নব উদ্ভাবন ও উন্নয়নের লক্ষ্যে গবেষণা ও উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন

২. বিজ্ঞানী, গবেষক ও প্রযুক্তিবিদ সৃজন এবং গবেষণাকর্মে উৎসাহ প্রদান ও মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে স্নাতকোত্তর ও ডক্টরাল ফেলোশিপ প্রদান

৩. বিজ্ঞান ও শিল্প গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য পরীক্ষাগার/ইনস্টিটিউট স্থাপন, সংরক্ষণ ও মান উন্নয়নের ব্যবস্থাকরণ

৪. বিসিএসআইআর কর্তৃক পরিচালিত গবেষণাকর্ম থেকে উদ্ভুত আবিষ্কার ও উদ্ভাবনের বাণিজ্যিক ব্যবহারের লক্ষ্যে প্রসেস ইজারা প্রদান এবং পেটেন্ট গ্রহণের ব্যবস্থাকরণ

৫. বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তি বিষয়ে বিসিএসআইআর-এর গবেষণা কার্যক্রমের ফলাফল, তথ্য-উপাত্ত, অর্জন প্রচারের জন্য বৈজ্ঞানিক প্রবন্ধ, বিসিএসআইআর জার্নাল, পুস্তিকা, প্রতিবেদন ও সাময়িকী প্রকাশকরণ

৬. বিসিএসআইআর-এর নিজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে শিল্প প্রতিষ্ঠান, সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান, ব্যক্তিকে সেবা প্রদান এবং উক্তরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে প্রয়োজনীয় সমঝোতা স্মারক সম্পাদনের ব্যবস্থাকরণ

৭. গবেষণা প্রতিষ্ঠান/গবেষণাগার প্রতিষ্ঠা, উন্নয়ন ও মানবৃদ্ধির জন্য বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সামর্থ্য বৃদ্ধি করা

৮. দেশীয় ও আন্তর্জাতিক বিভিন্ন বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তি গবেষণা প্রতিষ্ঠানসমূহের সাথে পারস্পরিক যোগাযোগ স্থাপনের মাধ্যমে যৌথ গবেষণা কার্যক্রম গ্রহণ